

২৬তম আন্তর্জাতিক প্রতিবন্ধী দিবস ও ১৯তম জাতীয় প্রতিবন্ধী দিবস- ২০১৭ উপলক্ষ্যে বিনামূল্যে আইন সহায়তার জন্য আসুন

ডিসেম্বর ৩, ২০১৭ তারিখ ২৬তম আন্তর্জাতিক প্রতিবন্ধী দিবস ও ১৯তম জাতীয় প্রতিবন্ধী দিবস ২০১৭ উদযাপিত হতে যাচ্ছে। উক্ত দিবস উপলক্ষ্যে ডিসেম্বর ৩, ২০১৭ - ডিসেম্বর ৭, ২০১৭ তারিখ জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন কর্তৃক প্রতিবন্ধিতা উত্তরণ মেলা আয়োজন করা হয়েছে। উক্ত মেলার ২০ নং স্টলে বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) এর পক্ষ থেকে লিগ্যাল এইড ক্যাম্প পরিচালিত হবে। ক্যাম্পকালীন সময়ে বিনামূল্যে প্রতিবন্ধী ব্যক্তিদের আইনী সেবা প্রদান করা হবে। দীর্ঘ মেয়াদি আইনী সহায়তা বা মামলা করার প্রয়োজন হলে সেবাপ্রার্থীকে ব্লাস্টের সেবাগ্রহীতা হিসেবে তাৎক্ষণিকভাবে নিবন্ধন করে নেয়া হবে। মেলায় আইনী সহায়তা ও পরামর্শ প্রদান করবেন মোঃ রেজাউল করিম সিদ্দিকী, আইনজীবী, সুপ্রিমকোর্ট এবং রিসার্স স্পেশালিস্ট, ব্লাস্ট। তাঁকে সহায়তা করবেন এ্যাড. আল আমিন, রিসার্স এ্যাসিস্টেন্ট, ব্লাস্ট; মোঃ ফিরোজ উদ্দিন, রিসার্স এ্যাসিস্টেন্ট, ব্লাস্ট এবং সাবিহা আফরোজ, ইন্টার্ন, ব্লাস্ট।

লিগ্যাল এইড ক্যাম্প এর উদ্দেশ্যঃ

১. প্রতিবন্ধী ব্যক্তি, প্রতিবন্ধী ব্যক্তির পরিবার এবং সকল নাগরিককে প্রতিবন্ধী ব্যক্তির অধিকার সম্পর্কে সচেতন করা;
২. প্রতিবন্ধী ব্যক্তির অধিকার রক্ষায় সকল শ্রেণী ও পেশার মানুষকে দায়িত্ব পালনে উদ্বুদ্ধ করা;
৩. আইনী সহায়তার মাধ্যমে প্রতিবন্ধী ব্যক্তিদের অধিকার নিশ্চিত করা এবং
৪. প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন, ২০১৩ এর সুষ্ঠু বাস্তবায়ন করা।

বিনামূল্যে প্রদত্ত সেবা সমূহঃ

১. আইনী তথ্য প্রদান এবং প্রতিবন্ধী ব্যক্তিদের অধিকার বিষয়ক বিভিন্ন আইন সম্পর্কে ধারণা প্রদান;
২. শিক্ষা, চাকুরি সহ বিভিন্ন ক্ষেত্রে প্রতিবন্ধিতার কারণে বৈষম্যের প্রতিকার তথা ক্ষতিপূরণ লাভের উপায় সম্পর্কে পরামর্শ প্রদান;
৩. নারীর প্রতি সহিংসতা, পারিবারিক নির্যাতন সহ বিভিন্ন বিষয়ে আইনী পরামর্শ প্রদান;
৪. প্রয়োজনীয় সেবা ও সহায়তার জন্য উপযুক্ত সংস্থা/প্রতিষ্ঠানের নিকট প্রেরণ করা;
৫. সালিশ বা মামলার প্রয়োজন হলে ব্লাস্টের নিবন্ধন প্রদান করা।

প্রতিবন্ধিতা বিষয়ে ব্লাস্টের কর্মকাণ্ডঃ

ব্লাস্ট একটি আইনগত সহায়তা প্রদানকারী প্রতিষ্ঠান। অসহায় মানুষকে আইনী সহায়তা প্রদানের উদ্দেশ্যকে সামনে রেখে ১৯৯৩ সালে প্রতিষ্ঠানটি যাত্রা শুরু করে। ব্লাস্ট বিনামূল্যে আইনগত সহায়তা নিশ্চিত করার লক্ষ্যে কাজ চালিয়ে যাচ্ছে। এই লক্ষ্যে ব্লাস্ট সরকারী আইনগত সহায়তা সংস্থার সঙ্গে যৌথভাবে কাজ করছে। অধিকার বঞ্চিত জনগণের আইন সহায়তা প্রাপ্তির ক্ষেত্রে সচেতনতা এবং হাতের নাগালে আইন সহায়তা প্রাপ্তির সুযোগ সৃষ্টিতে ব্লাস্ট কার্যক্রম পরিচালনা করছে। জনগণের আইনগত অধিকার রক্ষার জন্য নিম্ন আদালত থেকে শুরু করে সুপ্রিম কোর্ট পর্যন্ত প্রতিটি আদালতে মামলা পরিচালনা করে। প্রতিষ্ঠানটি সাধারণত পারিবারিক, দেওয়ানী, শ্রম, ভূমির মালিকানা এবং সংবিধান বিষয়ক ইস্যুগুলো নিয়ে আইনী পরামর্শ ও সহায়তা দিয়ে থাকে। এছাড়া ব্লাস্ট সালিসের মাধ্যমেও বিরোধ মিমাংসা করে থাকে। আইনগত সহায়তা দেয়ার ক্ষেত্রে প্রতিষ্ঠানটি নারী অধিকার, প্রতিবন্ধী অধিকার, শ্রমিক অধিকার, শিশু অধিকার, আদিবাসীদের অধিকার প্রভৃতি বিষয়কে গুরুত্ব দেয়। ব্লাস্ট মানবাধিকার বিষয়ক সচেতনতা বৃদ্ধির জন্যও বিভিন্ন সচেতনতা মূলক সভা পরিচালনা করে থাকে।

প্রতিবন্ধী সম্পর্কে ব্লাস্টের কর্মকাণ্ডগুলো হলঃ

১. তরুণ প্রতিবন্ধী ব্যক্তিদের কর্মদক্ষতা বৃদ্ধি ও তাদের নেতৃত্বগুণের বিকাশের লক্ষ্যে ছয় মাস ব্যাপী ইকুয়ালিটি ফেলোশিপ প্রদান। নিয়োগ বৈষম্য বিলোপ করে ব্লাস্টের কর্মি হিসেবে প্রতিবন্ধী ব্যক্তিদের নিয়োগ প্রদানের মাধ্যমে প্রতিবন্ধী ব্যক্তিদের সক্ষমতাকে স্বীকৃতি দেয়া।
২. প্রতিবন্ধী ব্যক্তিদের অগ্রাধিকার ভিত্তিতে সেবা প্রদান করা এবং প্রবেশগম্য স্থানে অনুষ্ঠানাদি আয়োজন করা;
৩. প্রতিবন্ধী ব্যক্তিদের আইন সচেতন করার লক্ষ্যে দেশের বিভিন্ন স্থানে লিগ্যাল এইড ক্যাম্প পরিচালনা করা;
৪. ব্লাস্টের সকল প্রকল্পে ট্রসকাটিং ইস্যু হিসেবে প্রতিবন্ধী বিষয়ক কর্মকাণ্ড পরিচালনা করা;
৫. কর্মস্থলে বৈষম্য সহ বিভিন্ন বৈষম্যমূলক আচরণের বিরুদ্ধে প্রতিকার চেয়ে এবং প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইনের সুষ্ঠু বাস্তবায়নের জন্য উচ্চ আদালতে ১৯৯৭ সাল থেকে অদ্যাবধি ১২ টি রিট/জনস্বার্থ মামলা দায়ের করা। এই মামলাগুলোর পরিপ্রেক্ষিতে সরকার পলিসি লেভেলে অনেক গুরুত্বপূর্ণ পদক্ষেপ গ্রহণ করেছে। বিসিএস পরীক্ষায় দৃষ্টি প্রতিবন্ধীগণ এখন অংশগ্রহণ করতে পারছেন এবং নিয়োগও পাচ্ছেন।

তারিখ: ৩ - ৭ ডিসেম্বর, ২০১৭ইং

সময়: সকাল ১০টা হতে সন্ধ্যা ৭টা পর্যন্ত।

স্থান: স্টল নং ২০, প্রতিবন্ধীতা উত্তরণ মেলা, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন
ফাউন্ডেশন চত্ত্বর, এ/২, সেকশন-১৪, মিরপুর, ঢাকা-১২০৬

আয়োজনে: বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট),
১/১ পাইওনিয়ার রোড, ঢাকা-১০০০

ফোন: ০২ ৮৩৯ ১৯৭০-২

mail@blast.org.bd | www.blast.org.bd

www.facebook.com/BLASTBangladesh

আইনগত সহায়তার জন্য যোগাযোগ করুন :

- ব্লাস্ট হেল্পলাইন: ০১৭১৫ ২২০২২০
- কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর হেল্পলাইন: ০৮০০৪ ৪৫৫ ০০০
- জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা হেল্পলাইন: ১৬৪৩০
- নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে ন্যাশনাল হেল্পলাইন: ১০৯
- শিশু নির্যাতন প্রতিরোধে হেল্পলাইন: ১০৯৮